

AKASHVANI(AIR)
RNU:KOLKATA
BengaliText Bulletin

Date 25-11-2025

Time: 1.40 P.M.

বিভিন্ন জেলা সফরের অঙ্গ হিসেবে রাজ্যপাল ডক্টর সি ভি আনন্দ বোস আজ মুর্শিদাবাদে । সেখানে জিয়াগঞ্জের লক্ষ্মী টকিজে একটি সঙ্গীত ও নাট্য কর্মশালার সূচনা করেছেন তিনি। সঙ্গীত শিল্পী অরিজিত সিং-এর মা অদিতি সিং-এর নামাঙ্কিত ওই সংস্থার অনুষ্ঠানে অরিজিত সিং ও তার পরিবারের সদস্যরাও উপস্থিত আছেন ।

রাজ্যপালের আজ ভারত বাংলাদেশ সীমান্ত পরিদর্শনে যাওয়ারও সম্ভাবনা রয়েছে ।

উল্লেখ্য, গতকাল রাজ্যপাল উত্তর ২৪ পরগণার হাকিমপুর চেক পোস্ট পরিদর্শন করে সাংবাদিকদের বলেন, মানুষের সঙ্গে কথা বলে তিনি বুঝতে পেরেছেন, এস আই আর নিয়ে যে আতঙ্কের কথা বলা হচ্ছে তা সত্য নয়। রাজনৈতিক মহলের একাংশ এই নিয়ে আতঙ্ক সৃষ্টি করার চেষ্টা করছেন। সমাজের ভারসাম্য বিঘ্নিত করার এই অপপ্রয়াস কোনোভাবেই বরদাস্ত করা হবে না বলে তিনি স্পষ্ট জানিয়েছেন।

রাজ্যপাল হাকিমপুর সীমান্ত পরিদর্শনের পাশাপাশি সীমান্তরক্ষী বাহিনী BSF-এর কর্তাদের সঙ্গেও কথা বলেন।

oooooooooooooooooooooooooooo

রাজনৈতিক দলগুলির সঙ্গে সম্পর্ক দৃঢ় করার লক্ষে নির্বাচন কমিশন যে উদ্যোগ নিয়েছে, তারই অঙ্গ হিসেবে তৃণমূল কংগ্রেসের এক প্রতিনিধি দলকে ২৮-শে নভেম্বর শুক্রবার সকাল ১১-টায় বৈঠকের সময় দিয়েছে কমিশন । কমিশনের সচিবালয়ের পক্ষ থেকে জানানো হয়েছে, তৃণমূল কংগ্রেসের রাজ্যসভার সাংসদ ডেরক ওব্রায়ন, নির্বাচন

কমিশনের আধিকারিকদের সঙ্গে যে বৈঠকের আবেদন জানিয়েছিলেন, তারই পরিপ্রেক্ষিতে ওই সময় দেওয়া হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

বিজেপি, পুলিশ ওয়েলফেয়ার অ্যাসোসিয়েশনের সদস্যদের আসন্ন বিধানসভা নির্বাচনে ভোট প্রক্রিয়ায় যুক্ত না করার দাবি জানিয়েছে। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী কলকাতায় আজ এক সাংবাদিক বৈঠকে পুলিশের একাংশের বিরুদ্ধে পক্ষপাতিত্বের অভিযোগ করেন।

তিনি বলেন, দীর্ঘায় সরকার অনুমোদিত পুলিশ ওয়েলফেয়ার অ্যাসোসিয়েশনের এক সম্মেলনে অ্যাসোসিয়েশনের সদস্যরা মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জিকে চতুর্থবার জয়লাভ করাতে আবেদন জানিয়েছে। এ ব্যাপারে শ্রী অধিকারী মুখ্য নির্বাচন কমিশনারকে চিঠি দিয়ে এই পুলিশ কর্মীদের, ভোটের আদর্শ আচরণ বিধি চালু হওয়া থেকে বিধি প্রত্যাহার পর্যন্ত নির্বাচনী প্রক্রিয়া থেকে বাইরে রাখার আবেদন জানিয়েছেন। এই পুলিশ কর্মী ও আধিকারিকদের প্রত্যক্ষ ও পরোক্ষভাবে নির্বাচনী প্রক্রিয়ায় যুক্ত না করারও দাবি জানিয়েছেন তিনি।

(বাইট)

উল্লেখ্য সাংবাদিক বৈঠকে বিরোধী দলনেতা পুলিশের এক ডিসি, ইন্সপেক্টর ও এক সাব-ইন্সপেক্টরের বক্তব্যের ভিডিও শোনান। তিনি বলেন, এই ভিডিওসহ মুখ্য নির্বাচন কমিশনারের কাছে অভিযোগ জানানো হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

কেন্দ্রীয় সরকার যে চারটি শ্রম কোড ঘোষণা করেছে, উত্তরবঙ্গে চা শিল্পের সঙ্গে জড়িত সকলেই তাকে স্বাগত জানিয়েছেন। কনফেডারেশন অফ ইন্ডিয়ান স্মল টি গোয়ার্স অ্যাসোসিয়েশন(সিস্টা) র প্রেসিডেন্ট বিজয় গোপাল চক্রবর্তী বলেন, প্ল্যানটেশন ওয়ার্কারস, তার পরিবারকেও, ই এস আই এর আওতায় আনা হয়েছে।

উত্তরবঙ্গ ও আসামের শ্রমিকরা ই এস আই পরিষেবা থেকে এতদিন বঞ্চিত ছিল। চা শিল্পেও শ্রমিকদের জন্য স্বাস্থ্য, সামাজিক সুরক্ষার দিকটি শ্রমিকদের জন্য নিশ্চিত করা হয়েছে ছোট, বড় সমস্ত চা বাগানে।

(বাইট)

ডেপুটিয়ার চা বাগানের শ্রমিক সলতা তিরকি, শ্রমিকদের সর্দার জাকির হুসেন, সকলেই জানানেন এই শ্রম কোড কার্যকর হওয়ার ফলে তাঁরা সকলেই খুশি।

উল্লেখ্য, ২১শে নভেম্বর থেকে এই চারটি শ্রম কোড কার্যকর হয়েছে।।

০০০০০০০০০০০০০০০০০০

বাঘ শুমারির অঙ্গ হিসেবে দক্ষিণ ২৪ পরগনা বনবিভাগের অধীন সুন্দরবনে ক্যামেরা বসানোর কাজ , আজ শুরু হয়েছে। সারাদেশের সঙ্গে এই রাজ্যেও আগামীকাল এই শুমারি শুরু হবে।

এবার গণনার কাজে ১৬০ জোড়া ক্যামেরা ব্যবহার করা হবে।

এরমধ্যে মাতলা রেঞ্জ থাকছে - ২০ জোড়া এবং রায়দীঘি ও রামগঙ্গা রেঞ্জ - ৭০ জোড়া করে।

উল্লেখ্য, ক্যামেরা বসানো হবে ৩০ শে নভেম্বর পর্যন্ত।

মাতলায় একটি, রায়দীঘি এবং রামগঙ্গা রেঞ্জ ৪ টি করে দল এই কাজে নিযুক্ত হয়েছেন। ৪৫ দিন ধরে চলবে ছবি তোলার কাজ।

এরপর বিশেষজ্ঞরা অন্যান্য তথ্যের সঙ্গে মিলিয়ে সেগুলি বিশ্লেষণ করবেন।

০০০০০০০০০০০০০০০০০০

মেট্রো রেলের রু লাইনে আজ সকাল সাড়ে ১১টা নাগাদ দমদম স্টেশনের ডাউন লাইনে এক যাত্রী আত্মহত্যার চেষ্টা করেন। এর ফলে মেট্রো চলাচল সাময়িকভাবে বিঘ্নিত হয়। যাত্রাপথ সংক্ষিপ্ত করে মেট্রো চলাচল করে। দুপুর বারোটা এগারো মিনিট থেকে ট্রেন চলাচল আবার স্বাভাবিক হয় বলে মেট্রো রেলের পিআরও জানিয়েছেন।

০০০০০০০০০০০০০০০০০০০

মালয়েশিয়া ও সংলগ্ন মালাক্কা প্রণালীর ওপরে অবস্থানরত সুস্পষ্ট নিম্নচাপটি, গভীর নিম্নচাপে পরিণত হয়েছে। সেটি বর্তমানে মালাক্কা প্রণালীর ওপর অবস্থান করছে। আগামী ৪৮ ঘন্টায় এটি আরও পশ্চিম- উত্তর পশ্চিম দিকে অগ্রসর হবে। তবে এর কোনও প্রত্যক্ষ প্রভাব এরাভ্যে পড়ার সম্ভাবনা নেই বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে।

এদিকে কমোরিন ও সংলগ্ন দক্ষিণ পশ্চিম বঙ্গোপসাগর এবং শ্রীলঙ্কার ওপর আরো একটি নিম্নচাপ এলাকা তৈরি হয়েছে বলেও আবহাওয়া দপ্তর সূত্রে জানা গেছে।

অন্যদিকে মাঝে বেশ কিছুদিন শীতের অনুভূতি উধাও হলেও তাপমাত্রার পারদ আবার নিম্নমুখী। আলিপুরে আজ সকালে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ১৬ দশমিক ৪ ডিগ্রি সেলসিয়াস স্বাভাবিকের তুলনায় যা প্রায় ২ ডিগ্রি কম। গতকাল সর্বোচ্চ তাপমাত্রাও ছিল স্বাভাবিকের থেকে দুই ডিগ্রি নিচে।

০০০০০০০০০০০০০০০০০০০

পুর নিয়োগ দুর্নিতি কাণ্ডে ইডি গতকাল গভীর রাত পর্যন্ত সিজিও কমপ্লেক্সে দমকল মন্ত্রী সুজিত বসুর ছেলে সমুদ্র বসু কে জিজ্ঞাসাবাদ করে।

সকাল সাড়ে দশটার পর সিজিও কমপ্লেক্সে আসেন সমুদ্র। তারপর থেকে টানা জেরা চলে।

উল্লেখ্য, পুর নিয়োগ দুর্নিতি কান্ডে সুজিত বসুর জামাই, মেয়ে, স্ত্রী ও ছেলেকে জিগ্যাসাবাদ করা হল।

এছাড়াও ইডি এই দুর্নিতি কান্ডে, সল্ট লেকের সুজিত বসুর বাড়ি ও অফিস এবং ছেলে সমুদ্র বসুর রেষ্টুরেন্টেও তল্লাশী চালায়।

oooooooooooooooooooooooo

আকাশবাণী কলকাতা, ১০ টি জেলার জন্য চুক্তির ভিত্তিতে আংশিক সময়ের সাংবাদিক নিয়োগ করবে। জেলাগুলি হল- বীরভূম, আলিপুরদুয়ার, পশ্চিম বর্ধমান, দার্জিলিং, দক্ষিণ দিনাজপুর, ঝাড়গ্রাম, কালিম্পং, হুগলী, পূর্ব মেদিনীপুর এবং কলকাতা।

এ সংক্রান্ত যাবতীয় তথ্য www.newsonair.gov.in -এ পাওয়া যাবে।

আবেদন জানানোর শেষ তারিখ, ১৫ই ডিসেম্বর।

oooooooooooooooooooooooo

oooooooooooooooooooooooo